বনিক বার্তা

# এমআইএসটিতে আন্তর্জাতিক কনফারেন্স অনুষ্ঠিত

প্রকাশ: জুলাই ২৯, ২০২৩

মিলিটারি ইনস্টিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজির (এমআইএসটি) সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের তত্ত্বাবধানে ‘সেকেন্ড ইন্টারন্যাশনাল কনফারেন্স অন অ্যাডভান্সেস ইন সিভিল ইনফ্রাস্ট্রাকচার অ্যান্ড কনস্ট্রাকশন ম্যাটারিয়ালস (সিআইসিএম-২০২৩)’-এর সমাপনী অনুষ্ঠান বৃহস্পতিবার ঢাকাস্থ হোটেল রেডিসনে অনুষ্ঠিত হয়।কনফারেন্সে প্রথম দুদিনে বিশ্বের ১২টি দেশের বিশিষ্ট ব্যক্তিরা তাদের গবেষণা কর্ম উপস্থাপন করেন।এ কনফারেন্সের মূল প্রতিপাদ্য বিষয় ছিল ‘সহনশীলতা এবং স্থায়িত্ব’।কনফারেন্সের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিকল্পনামন্ত্রী আব্দুল মান্নান, এমপি।কনফারেন্সের প্রধান পৃষ্ঠপোষক এমআইএসটির ভারপ্রাপ্ত কমান্ড্যান্ট ব্রিগেডিয়ার জেনারেল মু. অহিদুল ইসলাম এবারের কনফারেন্সে অংশগ্রহণকারী সব বক্তা, আগত অতিথি, কনফারেন্স আয়োজনকারী এবং এতদসংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

এ কনফারেন্সে যুক্তরাষ্ট্র, কানাডা, চীন, জাপান, যুক্তরাজ্য, অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড, ইতালি, ভারত, হংকং, তাইওয়ান ও বাংলাদেশের বিখ্যাত গবেষক, অধ্যাপক, গবেষক এবং পেশাজীবীরা বক্তা, উপস্থাপক ও সেশন চেয়ার হিসেবে অংশগ্রহণ করেন।এবারের কনফারেন্স পূর্ববর্তী সিআইসিএমের চেয়ে বৃহৎ পরিসরে অনুষ্ঠিত হয়েছে।এবারের কনফারেন্সে তিন শতাধিক উপস্থাপক প্রায় দুই শতাধিক গবেষণাপত্র উপস্থাপন করেছেন, যা বাংলাদেশের জন্য একটা বড় সাফল্য।এছাড়া আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকদের সমন্বয় একটা সভা অনুষ্ঠিত হয়, যেখানে মিলিটারি ইনস্টিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি (এমআইএসটি) এবং বাংলাদেশ ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজিসহ (বুয়েট) বাংলাদেশের অন্যান্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য উচ্চতর অধ্যয়নের সুযোগ সৃষ্টির বিষয়ে আলোচনা হয়।উপস্থিত দেশ-বিদেশের গবেষকদের মধ্যে ভবিষ্যতে সহযোগিতা করার প্রতিশ্রুতির মধ্যে দিয়ে এবারের কনফারেন্স সমাপ্ত হয়।–আইএসপিআর

বিডিবিএল ভবন (লেভেল ১৭), ১২ কাজী নজরুল ইসলাম এভিনিউ, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

বিজ্ঞাপন ও সার্কুলেশন বিভাগ: ফোন: ৮১৮০১৯৩-৪ (বিজ্ঞাপন), ৮১৮০১৯৬-৭ (সার্কুলেশন)

ই-মেইল: news@bonikbarta.com

২৮/০৭/২০২৩ - শুক্রবার

## শিরোনাম ঃ এমআইএসটি এর সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের তত্বাবধানে তিনদিন ব্যাপি Second International Conference on Advances in Civil Infrastructure and Construction Materials (CICM 2023) এর সমাপনী |

দৈনিক কালবেলা




পরিকল্পনামন্ত্রী আব্দুল মান্নান বৃহস্পতিবার হোটেল র‍্যাডিসনে এমআইএসটির সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের তত্ত্বাবধানে Second International Conference on Advances in Civil Infrastructure and Construction Materials এর সমাপনী অনুষ্ঠান শেষে পুরস্কার বিতরণ করেন » আইএসপিআর

দৈনিক জনকণ্ঠ The Daily Janakantha (29-07-2023)

# এমআইএসটির তত্ত্বাবধানে সিআইসিএমের সমাপনী

মিলিটারি ইনস্টিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজির (এমআইএসটি) সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের তত্ত্বাবধানে সেকেন্ড ইন্টারন্যাশনাল কনফারেন্স অন অ্যাডভান্স ইন সিভিল ইনফ্রাস্ট্রাকচার অ্যান্ড কনস্ট্রাকশন মেটারিয়ালস (সিআইসিএম ২০২৩) এর সমাপনী অনুষ্ঠান বৃহস্পতিবার ঢাকার হোটেল রেডিসনে অনুষ্ঠিত হয়েছে। কনফারেন্সে প্রথম দুদিনে বিশ্বের ১২টি দেশের বিশিষ্ট ব্যক্তিবর্গ তাদের গবেষণা কর্ম উপস্থাপন করেন। কনফারেন্সের মূল প্রতিপাদ্য বিষয় ছিল 'সহনশীলতা এবং স্থায়িত্ব।' সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন পরিকল্পনা মন্ত্রণালয়ের মন্ত্রী মো. আব্দুল মান্নান।

বণিক বার্তা (29-07-2023)

# এমআইএসটিতে আন্তর্জাতিক কনফারেন্স অনুষ্ঠিত

মিলিটারি ইনস্টিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজির (এমআইএসটি) সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের তত্ত্বাবধানে 'সেকেন্ড ইন্টারন্যাশনাল কনফারেন্স অন অ্যাডভান্সেস ইন সিভিল ইনফ্রাস্ট্রাকচার অ্যান্ড কনস্ট্রাকশন ম্যাটারিয়ালস (সিআইসিএম-২০২৩)'-এর সমাপনী অনুষ্ঠান বৃহস্পতিবার ঢাকাস্থ হোটেল রেডিসনে অনুষ্ঠিত হয়। কনফারেন্সে প্রথম দুদিনে বিশ্বের ১২টি দেশের বিশিষ্ট ব্যক্তিরা তাদের গবেষণা কর্ম উপস্থাপন করেন। এ কনফারেন্সের মূল প্রতিপাদ্য বিষয় ছিল 'সহনশীলতা এবং স্থায়িত্ব'। কনফারেন্সের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিকল্পনামন্ত্রী আব্দুল মান্নান, এমপি। কনফারেন্সের প্রধান পৃষ্ঠপোষক এমআইএসটির ভারপ্রাপ্ত কমান্ড্যান্ট ব্রিগেডিয়ার জেনারেল মু. অহিদুল ইসলাম এবারের কনফারেন্সে অংশগ্রহণকারী সব বক্তা, আগত অতিথি, কনফারেন্স আয়োজনকারী এবং এতদসংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন। এ কনফারেন্সে যুক্তরাষ্ট্র, কানাডা, চীন, জাপান, যুক্তরাজ্য, অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড, ইতালি, ভারত, হংকং, তাইওয়ান ও বাংলাদেশের বিখ্যাত গবেষক, অধ্যাপক, গবেষক এবং পেশাজীবীরা বক্তা, উপস্থাপক ও সেশন চেয়ার হিসেবে অংশগ্রহণ করেন। এবারের কনফারেন্স পূর্ববর্তী সিআইসিএমের চেয়ে বৃহৎ পরিসরে অনুষ্ঠিত হয়েছে। এবারের কনফারেন্সে তিন শতাধিক উপস্থাপক প্রায় দুই শতাধিক গবেষণাপত্র উপস্থাপন করেছেন, যা বাংলাদেশের জন্য একটা বড় সাফল্য। এছাড়া আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকদের সমন্বয় একটা সভা অনুষ্ঠিত হয়, যেখানে মিলিটারি ইনস্টিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি (এমআইএসটি) এবং বাংলাদেশ ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজিসহ (বুয়েট) বাংলাদেশের অন্যান্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য উচ্চতর অধ্যয়নের সুযোগ সৃষ্টির বিষয়ে আলোচনা হয়। উপস্থিত দেশ-বিদেশের গবেষকদের মধ্যে ভবিষ্যতে সহযোগিতা করার প্রতিশ্রুতির মধ্যে দিয়ে এবারের কনফারেন্স সমাপ্ত হয়। —আইএসপিআর

সত্য প্রকাশে আপসহীন THE DAILY BHORER DAK
ভোরের ডাক
(29-07-2023)




*পরিকল্পনা মন্ত্রনালয়ের মন্ত্রী মো. আব্দুল মান্নান গত বৃহস্পতিবার ঢাকাস্থ হোটেল রেডিসনে অনুষ্ঠিত Second International Conference on Advances in Civil Infrastructure and Construction Materials (CICM 2023) এর সমাপনী অনুষ্ঠানে পুরস্কার বিতরণ করেন* -আইএসপিআর

# এমআইএসটির সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের তত্ত্বাবধানে (CICM 2023) এর সমাপনী

**আইএসপিআর :** মিলিটারি ইনস্টিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি (এমআইএসটি) এর সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের তত্ত্বাবধানে Second International Conference on Advances in Civil Infrastructure and Construction Materials (CICM 2023) এর সমাপনী অনুষ্ঠান গত বৃহস্পতিবার ঢাকাস্থ হোটেল রেডিসনে অনুষ্ঠিত হয়। কনফারেন্সে প্রথম দুই দিনে বিশ্বের ১২টি দেশের বিশিষ্ট ব্যক্তিবর্গ তাদের গবেষনা কর্ম উপস্থাপন করেন। এ কনফারেন্সের মূল প্রতিপাদ্য বিষয় ছিল 'সহনশীলতা এবং স্থায়িত্ব'। কনফারেন্সের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিকল্পনা মন্ত্রনালয়ের মন্ত্রী মো. আব্দুল মান্নান, এমপি। কনফারেন্সের প্রধান পৃষ্ঠপোষক এমআইএসটির ভারপ্রাপ্ত কমান্ড্যান্ট ব্রিগেডিয়ার জেনারেল মু. অহিদুল ইসলাম। এবারের কনফারেন্সে অংশগ্রহনকারী সকল বক্তা, আগত অতিথি, কনফারেন্স আয়োজনকারী এবং এতদসংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। এই কনফারেন্সে যুক্তরাষ্ট্র, কানাডা, চীন, জাপান, যুক্তরাজ্য, অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড, ইতালি, ভারত, হংকং, তাইওয়ান এবং বাংলাদেশের বিখ্যাত গবেষক, অধ্যাপক, গবেষক এবং পেশাজীবিরা বক্তা, উপস্থাপক এবং সেশন চেয়ার হিসেবে অংশগ্রহন করেন।